গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং
বাংলাদেশের জেন্ডার স্ট্যাটিসটিক্স শক্তিশালীকরণ প্রকল্প
পরিসংখ্যান ভবন (৬ষ্ঠ তলা, ব্লক-বি)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং কর্তৃক বাস্তবায়নাধীন ‘বাংলাদেশের জেন্ডার স্ট্যাটিসটিক্স শক্তিশালীকরন’ প্রকল্পের আওতায় ‘Time Use Survey (TUS) 2026-27’ জরিপের মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী নিযুক্তির নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহীদের নিকট হতে নির্ধারিত ছকে বায়োডাটা/জীবনবৃত্তান্ত আহ্বান করা হচ্ছে:

তথ্যসংগ্রহকারীদের যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. প্রার্থীকে ন্যূনতম HSC পাশ হতে হবে।

২. আগ্রহী প্রার্থীদের বয়স ২২ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে এবং মাঠ পর্যায়ে কাজ করার মতো শারীরিক যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী হতে হবে।

৩. এ পদে কেবলমাত্র নারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

৪. বিবিএস কর্তৃক পরিচালিত TUS, MICS, Rapid MICS, HMSS, EPS, VAW, HIES, SVRS, LFS পথশিশু জরিপ ইত্যাদি এবং অন্যান্য যেকোন এক বা একাধিক জরিপে মাঠ পর্যায়ে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ইতোপূর্বে বিবিএস কর্তৃক পরিচালিত TUS, MICS: Round 7, MICS: Round 6 এ কাজের অভিজ্ঞতা সম্পন্নগণকে অগ্রাধিকার দেয়া হবে এবং তাদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা শিথিলযোগ্য।

৫. প্রার্থীকে Smart Phone এবং Tab ব্যবহারের দক্ষতা থাকতে হবে।

শর্তাবলী:

১. তথ্য সংগ্রহকারীদেরকে মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহের দায়িত্ব পালনের জন্য নিযুক্ত করা হবে। এটা কোন চাকরিতে নিয়োগ নহে।

২. নিয়োজিতদেরকে প্রাথমিকভাবে আগামী জুন, ২০২৬ মাসে ০৬ (ছয়) দিনের প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে এবং উক্ত প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করতে হবে। প্রয়োজনে কাজ চলাকালীনও রিফ্রেসার প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে।

৩. নিয়োজিতদেরকে বাংলাদেশের যেকোনো জেলায় (নিজ জেলা ব্যতিত) আগামী ০১ জুলাই, ২০২৬ খ্রি. হতে ৩০ জুন, ২০২৭ খ্রি. পর্যন্ত ০১ (এক) বছরব্যাপী মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজে নিরবচ্ছিন্নভাবে নিয়োজিত থাকতে হবে। ঐ সময়ে শুধুমাত্র প্রকল্প দপ্তর কর্তৃক নির্ধারিত ছুটি ব্যতীত অন্য কোন ছুটি ভোগের সুযোগ থাকবে না।

৪. সন্তোষজনক কর্মসম্পাদনের পরে তথ্য সংগ্রহকারীদেরকে মাসিক ভিত্তিতে নির্ধারিত পারিশ্রমিক প্রদান করা হবে। যেহেতু এটা কোন চাকরিতে নিয়োগ নহে সেহেতু উক্ত পারিশ্রমিক কোনো মতেই বেতন বলে গণ্য হবে না।

৫. প্রার্থীর পারফরমেন্স যথাযথ/সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন তথ্য সংগ্রহকারীকে তার দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হবে।

৬. উপযুক্ত প্রার্থী বাছাই এবং পরবর্তীতে প্রার্থীদের সাথে যোগাযোগের স্বার্থে Whatsapp সম্বলিত নিজস্ব মোবাইল ফোন নম্বর থাকতে হবে।

বায়োডাটা দাখিলের পদ্ধতি ও সময়সীমা:

১. আগামী ২৩ মে, ২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে নির্ধারিত ছক পূরণপূর্বক বায়োডাটা so_sgsb@bbs.gov.bd ইমেইল আইডি অথবা পরিসংখ্যান ভবনের ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর বাংলাদেশের জেন্ডার স্ট্যাটিসটিক্স শক্তিশালীকরন প্রকল্প দপ্তরে রক্ষিত নির্ধারিত বক্সে জমা প্রদান করতে হবে।

২. প্রার্থীর স্বহস্তে পূরণকৃত নির্ধারিত Biodata Form এর নিচের অংশে অঙ্গীকারনামা স্বাক্ষর করে দিতে হবে।

৩. প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে আবেদন ফরমের সাথে এসএসসি সনদপত্র সহ সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

১২-০৫-২০২৬

আসমা আখতার
প্রকল্প পরিচালক
বাংলাদেশের জেন্ডার স্ট্যাটিসটিক্স শক্তিশালীকরন প্রকল্প
ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং
বিবিএস, ঢাকা।

পিপি সাইজ রঙিন ছবি

বায়োডাটা

আবেদনকারীর নাম :

মাতার নাম :

পিতার নাম :

বর্তমান ঠিকানা :

স্থায়ী ঠিকানা :

জন্ম তারিখ ও বয়স (জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে) :

নিজ জেলা :

কাজ করতে চান এমন অগ্রাধিকারে ৫টি জেলার নাম (নিজ জেলা ব্যতীত) :

১	২	৩	৪	৫

শিক্ষাগত যোগ্যতা (এসএসসি সনদপত্র সহ সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে) :

মোবাইল ফোন নম্বর (হোয়াটসএ্যাপ সম্বলিত) :

বিবিএস এর জরিপে কাজ করার অভিজ্ঞতা রয়েছে (টিক দিন) :

TUS	MICS	Rapid MICS	HMSS	EPS	VAW	HIES	SVRS	পথশিশু জরিপ	LFS	অন্যান্য সার্ভের নাম লিখুন

অঙ্গীকারনামা

আমি স্বেচ্ছায় ও স্বজ্ঞানে এ মর্মে অঙ্গীকার করছি যে, আমাকে প্রার্থীত দায়িত্ব প্রদান করা হলে আমি বিবিএস কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শর্তাবলী মেনে সততা ও নিষ্ঠার সাথে এ দায়িত্ব পালন করবো। আমার কোনরূপ অপারগতায় আমাকে কর্ম হতে বহিষ্কার করা হলে আমার কোন আপত্তি থাকবে না। প্রশিক্ষণ শেষে কাজে যোগদান না করলে প্রশিক্ষণ ভাতার টাকা দাবি করবো না এবং কাজ সমাপ্ত হবার পূর্বে কাজ ত্যাগ করলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ক্ষতিপূরণ পরিশোধ করতে বাধ্য থাকবো।

স্বাক্ষর ও তারিখ:

নাম: